



লক্ষ্য বিদ্যমানম্

WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2016

বাংলা - সান্মানিক

সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণ সংখ্যা নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।
প্রশ্নে একাধিক অংশ থাকিলে প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখিতে হইবে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২ = ২০
- (ক) প্রবন্ধ কাকে বলে? প্রবন্ধকে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায়? উপযুক্ত উদাহরণসহ বস্তুনিষ্ঠ প্রবন্ধের পরিচয় দাও। ২+২+৬
- (খ) ব্যক্তিগত পত্র কোন গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে বুঝিয়ে দাও। বাংলা পত্রসাহিত্য সম্পর্কে আলোচনা করো। ৫+৫
- (গ) একালের সাহিত্য সমালোচনার যে কোনো দুটি পদ্ধতি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫+৫
- (ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো দুটি): ৫+৫
- (অ) রম্যরচনা, (আ) ভ্রমণসাহিত্য, (ই) ডায়ারি-সাহিত্য।
- ২। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের অন্তর্গত 'বিড়াল' প্রবন্ধে সমাজ সমস্যার যে ছবি বঙ্কিমচন্দ্র তুলে ধরেছেন, তার যথার্থ্য বিচার করো। ১৫
- অথবা
- 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের কমলাকান্ত চরিত্রটির বিশেষত্ব পাঠ্য প্রবন্ধগুলির আলোকে বিচার করো। ১৫

- ৩। 'ছিন্নপত্র'- এর বিভিন্ন পত্রে রবীন্দ্রসাহিত্যের বিবিধ উপকরণের যে সম্বন্ধান পাওয়া যায়, উপযুক্ত উদাহরণসহ তা আলোচনা করো। ১৫
- অথবা
- 'এই জন্যে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।'- 'এই জন্যে' বলতে লেখক কোন কারণটি বুঝিয়েছেন? উদ্ধৃতি অবলম্বনে লেখকের সুগভীর মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ৫+১০
- ৪। 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধ অবলম্বনে ভারতবর্ষের মতো বহুজাতিক দেশের ভাষা-সমস্যা ও সেই সমস্যা দূরীকরণে প্রাবন্ধিকের মতামত পর্যালোচনা করো। ৭+৮
- অথবা
- সোভিয়েত ইউনিয়নের প্রগতির মূল সূত্রগুলি উল্লেখ করো। প্রাথমিকভাবে সেখানে সাফল্য এলেও অন্ধ মেলেনি-কৃষির ক্ষেত্রে প্রধান যে দুটি ভুল হয়েছিল বলে লেখক মনে করেন তা বিশদ বিবরণের সঙ্গে আলোচনা করো। ৫+১০
- ৫। 'আধুনিক সাহিত্যেরও প্রধান কথা এই মানবতাবাদ' - পাঠ্য প্রবন্ধানুসারে প্রাবন্ধিকের এই মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৫
- অথবা
- তাঁদের পক্ষে অনিবার্য ছিলো রবীন্দ্রনাথের অনুকরণ, এবং অসম্ভব ছিলো রবীন্দ্রনাথের অনুকরণ'।-লেখকের এই বক্তব্যের যথার্থ্য বিশ্লেষণ করো। ১৫
- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো: ২০
- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গীয় জীবন ও সমাজ।
- (খ) বাংলা ঐতিহাসিক উপন্যাস: সেকাল ও একাল।
- (গ) উনিশ শতকের গীতিকবিতার ধারা।
- (ঘ) ছোটো গল্পকার রবীন্দ্রনাথ।
- (ঙ) বাংলা নাটকে সামাজিক সংকটের প্রতিফলন।
- (চ) বাংলা সাহিত্যের চলচ্চিত্রায়ন।